গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
ইমেইল: section7@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৬৩.২০০২-১০৮ তারিখ : ১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

**বিষয় ঃ টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলার সহদেবপুর ইউনিয়নের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মাওলানা মোঃ আব্দুল জলিল মিয়া এর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলার সহদেবপুর ইউনিয়নের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মাওলানা মোঃ আব্দুল জলিল মিয়া বিবাহ নিবন্ধন বহিতে (রেজিষ্টার নং এ, বালাম নং ০১/২০২১, পাতা নং ৯৬, ক্রমিক নং ২৪) রেজিস্ট্রিকৃত তর্কিত বিবাহের কাবিননামার ১৪ নং কলামের 'অর্ধেক' শব্দটি এবং ২৪ নং কলামের '০৪/০৩/২০২১ ইং' তারিখটি ভিন্ন ব্যক্তির ভিন্ন কলমের মাধ্যমে লিপিবদ্ধ করায় ও নিবন্ধনের সময় ১৩ নং কলামে দেনমোহরের পরিমাণের ঘর ফাঁকা রেখে বিবাহ রেজিস্ট্রি করে পরবর্তীতে সুবিধাজনক সময়ে তা লিপিবদ্ধ করার বিষয়টি সাব-রেজিস্ট্রার, ঘাটাইল, টাঙ্গাইল কর্তৃক তদন্তে প্রমানিত হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর ২২ (২) এর সুস্পষ্ট লঙ্ঘন তথা একই বিধিমালার বিধি ১১ অনুযায়ী অসদাচরণ হওয়ায় এবং এ প্রসঙ্গে তাঁর কারন দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় তার নামে এ বিভাগ হতে গত ০৮/০৩/২০০৪ খ্রি. তারিখে বিচার -৭/২-এন- ৬৩/২০০২-২৪৬ নং স্মারকে ইস্যুকৃত নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

উক্ত অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মাওলানা মোঃ আব্দুল জলিল মিয়া এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, টাঙ্গাইল-কে নির্দেশ প্রদান করা হলো। একইসাথে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার/সাব-রেজিস্ট্রারকে অবহিত করা হলো।

স্বাঃ
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক
জেলা রেজিস্ট্রার
টাঙ্গাইল।

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৬৩.২০০২-১০৮(১৩) তারিখ : ১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

বিতরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। (উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিহাতী, টাঙ্গাইল।
৬. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, ঢাকা।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৯. সাব-রেজিস্ট্রার, কালিহাতী, টাঙ্গাইল।
১০. অফিসার ইনচার্জ, কালিহাতী, টাঙ্গাইল।
১১. চেয়ারম্যান, সহদেবপুর ইউনিয়ন পরিষদ, কালিহাতী, টাঙ্গাইল।
১২. জনাব মাওলানা মোঃ আব্দুল জলিল, পিতা-মৃত ইজজ্জত আলী, সাং-বানিয়াফৈর, ডাকঘর- দক্ষিণ চামুরিয়া, উপজেলা-কালিহাতি, জেলা- টাঙ্গাইল।
১৩. অফিস কপি/গার্ড ফাইল।

১৬/০৭/২০২৬
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮